দৈনিক সংবাদ

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 17 JUN 1989
পৃষ্ঠা 5 4

# খাতার সাথে বোরখাও পাঠানো হল

(উত্তরাঞ্চলীয় প্রতিনিধি)

পাবনা, ১৫ই জুন।--পাবনা আলিয়া মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র থেকে আজ ফাজেল পরীক্ষায় দুইজন বোরখা পরিহিতা পরীক্ষাথিনীর নকল ধরা হয় ও ওই দু'জনকে বহিস্কার করার পর তাদের বোরখা খুলে নেওয়া হয়। গোলাপী ও নীল রং-এর সীজ করা বোরখা দু'টি আজ ওই দু'জন বহিস্কৃত পরীক্ষাথিনীর খাতার সাথে প্যাকেট করে ঢাকার মাদ্রাসা শিক্ষা বোর্ডে পাঠিয়ে দেওয়া হয়।

আজকের পরীক্ষার বিষয় ছিল 'হাদিস ও রসুলে হাদিস'। পরীক্ষা চলাকালে জেলা প্রশাসকের নির্দেশে দু'জন যুবক ম্যাজিষ্ট্রেট ওই পরীক্ষা কেন্দ্রে আকস্মিকভাবে হাজির হন এবং ওই দু'জনকে নকল করতে দেখেন। মাদ্রাসার প্রিন্সিপ্যালের নির্দেশে ছাত্রী দু'জন তাদের নকল বের করে দেয়। একজন ম্যাজিষ্ট্রেট জানান যে, বোরখা দু'টির ভিতর দিকে হাতে তৈরী একাধিক পকেট ছিল। পকেটে হাদিস শরীফের বেশ কিছু ছেঁড়া পাতা ছিল। বহিস্কার ও বোরখা খুলে নেয়ার পর পরীক্ষাথিনী দু'জন ভীষণ কান্নাকাটি করতে থাকে। তারা মেঝেতে গড়াগড়ি যায় ও প্রিন্সিপ্যালের পা ধরতে থাকে। ম্যাজিষ্ট্রেট জানান, মেয়ে দু'টি বার বার বলছিল, "আল্লার কসম এবারের মত মাফ করে দিন জীবনে আর নকল করবো না।" কিন্তু তাদেরকে মাফ করা হয়নি।